

💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ১১৯৫

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৩. নামাযে ইমামের পিছনে উম্মুল কিতাব পড়া ওয়াজিব

بَابُ وُجُوبِ قِرَاءَةِ أُمِّ الْكِتَابِ فِي الصَّلَاةِ وَخَلْفَ الْإِمَامِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بِنُ مَخْلَد ، حَدَّثِنِي إِبْرَاهِيمُ بِنُ مُحَمَّد بِن مَرْوَانَ الْعَتِيقُ ، نَا إِسْحَاقُ بْنُ سُلَيْمَانَ الرَّازِيُّ ، عَنْ مُعَاوِيَةَ بْنِ يَحْيَى ، عَنْ إِسْحَاقَ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي فَرْوَةَ ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرِو بْنِ الْحَارِثِ ، عَنْ مَحْمُود بْنِ الرَّبِيعِ الْأَنْصَارِيِّ ، قَالَ : قَامَ إِلَى جَنْبِي عَبْدَ اللَّهِ بْنِ عَمْرِو بْنِ الْحَارِثِ ، عَنْ مَحْمُود بْنِ الرَّبِيعِ الْأَنْصَارِيِّ ، قَالَ : قَامَ إِلَى جَنْبِي عُبَادَةُ بْنُ الصَّامِت ، فَقَرَأً مَعَ الْإِمَامِ وَهُو يَقْرَأُ ، فَلَمَّا انْصَرَفَ قُلْتُ لَهُ : أَبَا الْوَلِيدِ تَقْرَأُ وَتَسْمَعُ وَهُو يَجْهَرُ بِالْقِرَاءَةِ ؟ قَالَ : نَعَمْ ، إِنَّا قَرَأُنَا مَعَ رَسُولِ اللَّهِ _ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ ، ثُمَّ سَبَّحَ ، فَقَالَ لَنَا حِينَ وَسَلَّمَ _ ، ثُمَّ سَبَّحَ ، فَقَالَ لَنَا حِينَ انْصَرَفَ : " هَلْ قَرَأُ مَعِي أَحَدٌ ؟ " . قُلْنَا : نَعَمْ ، قَالَ : " قَدْ عَجِبْتُ ، قُلْتُ : مَنْ هَذَا الْذِي يُنَازِعُنِي الْقُرْآنِ ؟ إِذَا قَرَأً الْإِمَامُ فَلَا تَقْرُءُوا مَعَهُ إِلَّا بِأُمِّ الْقُرْآنِ ؛ فَإِنَّهُ لَا صَلَاةَ لِمَنْ الْمُ يَقُرَأُ بِهَا " . مُعَاوِيَةُ وَإِسْحَاقُ بْنُ أَبِي فَرْوَة ضَعِيفَانِ

বাংলা

১১৯৫(১৪). মুহাম্মাদ ইবনে মাখলাদ (রহঃ) ... মাহমূদ ইবনুর রাবী আল-আনসারী (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, উবাদা ইবনুস সমিত (রাঃ) নামাযের কাতারে আমার পাশে দাঁড়ালেন। তিনি ইমামের পিছনে কিরাআত পড়েন, তখন ইমামও কিরাআত পড়ছিলেন। নামাযশেষে আমি তাকে বললাম, হে আবুল ওয়ালীদ! আপনি কিরাআত পাঠ করছেন এবং আপনি শুনছেন যখন (ইমাম) সশব্দে কিরাআত পড়ছেন। তিনি বলেন, হাঁ। আমরা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর পিছনে কিরাআত পড়েছি। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (কিরাআতে) ভুল করেন এবং সুবহানাল্লাহ বলেন। নামাযশেষে তিনি আমাদের বলেন, তোমাদের কেউ কি আমার সাথে সাথে কিরাআত পাঠ করেছে? আমরা বললাম, হাঁ। তিনি বলেন, আমি আশ্চর্যন্বিত হলাম। আমি বললামঃ কে আমার সাথে কুরআন নিয়ে বিবাদ করেছে? ইমাম যখন কিরাআত পড়বে তখন তোমরা তার পিছনে কিরাআত পড়বে না, অবশ্য সূরা আল-ফাতিহা পড়বে। কেননা যে ব্যক্তি সূরা আল-ফাতিহা পড়ে না তার নামায হয় না। মুআবিয়া ও ইসহাক ইবনে আবু ফারওয়া (রহঃ) হাদীসশাস্ত্রে দুর্বল।



হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ মাহমূদ ইবনুর-রাবী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন